দৈনিক সংবাদ

১৪

তারিখ 10 MAR 1989
পৃষ্ঠা ... ১ কলাম ... ১ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# বহির্বিশ্বে আমরা এখন শক্তিশালী জাতি হিসেবে পরিচিত

—রাষ্ট্রপতি

খুলনা, ৯ই মার্চ (বাসস) ।— রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, তাঁর সরকার ক্ষমতায় আসার পর থেকে দেশের জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে সংস্কার কর্মসূচী গ্রহণ ও কার্যকর করেছে, ফলে জাতি অর্থনৈতিকভাবে শক্তিশালী হয়েছে।

তিনি বলেন : বহির্বিশ্বে আমরা এখন শক্তিশালী জাতি হিসেবে পরিচিত। তিনি গতকাল খুলনায় বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে জনসমাবেশে ভাষণ দিতে গিয়ে একথা বলেন।

রাষ্ট্রপতি খুলনা শহর থেকে ৫ কিলোমিটার দূরে গল্লামারীতে

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## রাষ্ট্রপতি

(১ম পাতার পর)

খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি বলেন: আজ আমরা এখানে কেবলমাত্র একটি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তরই স্থাপন করিনি, বরং প্রতিষ্ঠিত করেছি মানবতার একটি মিলনক্ষেত্র। আমাদের এই যাত্রা আমাদের কাঙ্খিত গন্তব্যে নিয়ে যাবে এবং এই মহান লক্ষ্য অর্জন করা আমাদের সকলের দায়িত্ব। ভিত্তিপ্রস্তর স্থাপনের পর বিশেষ মোনাজাত করা হয়।

সমাবেশে অন্যান্যের মধ্যে রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা ও উপ-প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এবং যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী এইচ, এম, এ গাফফারও বক্তব্য রাখেন।

সমাবেশে দলমত নির্বিশেষে সকল মহলের উপস্থিতিকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেন, এর ফলে যে রাজনৈতিক ধারা সূচিত হয়েছে তা এই জাতিকে সঠিক দিক নির্দেশনা দেবে এবং জাতির রাজনৈতিক স্বাতন্ত্র্যকে শক্তিশালী করবে।

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় খুলনা বিশ্ববিদ্যালয়ের জন্য ৮ কোটি টাকা বরাদ্দের কথা উল্লেখ করে তিনি বলেন : গত ৭ বছরে দেশে ৯১টি কলেজ এবং ১৪৪টি স্কুল সরকারীকরণ করা হয়েছে।

জাতীয় অগ্রগতির ধারাকে ঐক্য এবং দৃঢ়তার সাথে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন: আগামী দিনগুলোতে আরও বৃহৎ সাফল্য অর্জনের জন্য এই ধারা অব্যাহত রাখতে হবে। তিনি রূপসা সেতু নির্মাণের কথাও ঘোষণা করেন।

১০০ একর জমির ওপর নির্মাণাধীন খুলনা বিশ্ববিদ্যালয়ে সমাজ বিজ্ঞান, বিজ্ঞান এবং বাণিজ্য অনুষদ থাকবে।